

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
www.dyd.gov.bd.


স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.২৩.০৭৫.০৯- ২৮২

তারিখঃ ২২-০৭-২০১৬ খ্রিঃ

বিষয় : ১৫ আগস্ট ২০১৬ খ্রিঃ তারিখ জাতীয় শোক দিবস উপলক্ষে ঋণ বিতরণের উদ্যোগ গ্রহণ প্রসঙ্গে।

১৫ আগস্ট ২০১৬ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১ তম শাহাদাত দিবস ও জাতীয় শোক দিবস সোনার বাংলা গড়ার লক্ষ্যে দেশের যুবসমাজকে জাতীয় উন্নয়নের মূল স্রোতধারায় সম্পৃক্ত করার জন্য স্বাধীনতার উম্মাল্প থেকেই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সুস্পষ্ট দিক নির্দেশনা প্রদান এবং বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছিলেন। যুব উন্নয়ন অধিদপ্তর তারই ধারাবাহিকতায় যুবদের সার্বিক উন্নয়ন তথা যুবদের বেকারত্ব দূরীকরণে প্রশিক্ষণের মাধ্যমে আত্মকর্মসংস্থান/কর্মসংস্থান সৃজনের লক্ষ্যে বিভিন্ন ধরনের যুব কার্যক্রম বাস্তবায়ন করে আসছে, যার মধ্যে যুবঋণ কার্যক্রম অন্যতম।

২. ঋণ বিতরণ যুব উন্নয়ন অধিদপ্তরের একটি রুটিন কাজ হলেও জাতীয় শোক দিবসকে অধিকতর অর্থবহ করে বেকার যুবদের দারিদ্র নিরসনের লক্ষ্যে আত্মকর্মসংস্থান সৃজনে পূর্বের ন্যায় এবারের জাতীয় শোক দিবসেও ঋণ বিতরণ করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। প্রতিটি কার্যালয়কে এ জন্য পূর্ব হতেই বিশেষ প্রস্তুতি গ্রহণসহ পরবর্তী কার্যক্রম গ্রহণে উদ্যোগী হতে হবে।
৩. ক্ষুদ্রঋণ কার্য নির্দেশিকায় বর্ণিত নীতি যথাযথ অনুসরণপূর্বক যুব উন্নয়ন অধিদপ্তরের আওতাধীন সকল জেলা, উপজেলা ও ইউনিট থানা কার্যালয়ের মাধ্যমে ১৫ আগস্ট ২০১৬ জাতীয় শোক দিবসের কর্মসূচীতে আনুষ্ঠানিকভাবে এলাকার মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রী/সংসদ সদস্য/উপজেলা পরিষদ চেয়ারম্যান/ স্থানীয় প্রশাসনের কর্মকর্তা ও গণ্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে ঋণের চেক বিতরণের ব্যবস্থা নিতে নির্দেশ দেয়া হলো।
- ৪। এ দিবস উপলক্ষে কতজন যুবক/যুবমহিলাকে কত টাকা ঋণ বিতরণ করা হবে তার সম্ভাব্য পরিমাণ আগামী ০৪/০৮/২০১৬ তারিখের মধ্যে প্রধান কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। জাতীয় শোক দিবস পালনোত্তর প্রকৃতপক্ষে কী পরিমাণ ঋণ কত জনের নিকট বিতরণ করা হয়েছে এবং অনুষ্ঠানে উপস্থিত অতিথি কে ছিলেন তার তালিকাসহ একটি সংক্ষিপ্ত প্রতিবেদন আগামী ৩০/০৮/২০১৬ ইং তারিখের মধ্যে ঋণ শাখায় প্রেরণ নিশ্চিত করার জন্যও অনুরোধ করা হলো।
- ৫। বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

  
(আনোয়ারুল করিম)  
মহাপরিচালক  
ফোন : ৯৫৫৯৩৮৯

উপজেলা/থানা যুব উন্নয়ন কর্মকর্তা

যুব উন্নয়ন অধিদপ্তর


.....উপজেলা/থানা.....জেলা।

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.২৩.০৭৫.০৯- ২৮২

তারিখঃ ২২-০৭-২০১৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে বিতরণঃ

- ০১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,.....জেলাকে জাতীয় শোক দিবস উপলক্ষে তাঁর জেলায় গৃহীত কার্যক্রম সম্পর্কে অনুচ্ছেদ ৪ এর নির্দেশ মাফিক ব্যবস্থা নিতে বিশেষভাবে অনুরোধ করা হলো।
- ০৪। সহকারী পরিচালক (আইসিটি), প্রধান কার্যালয়, ঢাকা-কে পত্রটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো।
- ০৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৬। অফিস কপি।

  
(মোঃ শাহীনূর রহমান)  
সহকারী পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)  
ফোন : ৯৫৬৭৭২১